

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ১, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১৫ পৌষ ১৪২৬/৩০ ডিসেম্বর ২০১৯

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.১৯.৪০৯—প্রধানমন্ত্রীর সামরিক সচিব মেজর জেনারেল মিয়া মোহাম্মদ জয়নুল আবেদীন, বীর বিক্রম, ওএসপি, পিএসসি গত ১৭ ডিসেম্বর ২০১৯ তারিখে ইন্তেকাল করেন (ইন্মালিল্লাহি ... রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৯ বছর।

২। মেজর জেনারেল মিয়া মোহাম্মদ জয়নুল আবেদীনের অকালমৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করে এবং তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা ও শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ৮ পৌষ ১৪২৬/২৩ ডিসেম্বর ২০১৯ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খন্দকার আনোয়ারুল ইসলাম
মন্ত্রিপরিষদ সচিব

(৫৩)

মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার শোকপ্রস্তাব

ঢাকা : $\frac{৮ \text{ পৌষ } ১৪২৬}{২৩ \text{ ডিসেম্বর } ২০১৯}$

প্রধানমন্ত্রীর সামরিক সচিব মেজর জেনারেল মিয়া মোহাম্মদ জয়নুল আবেদীন, বীর বিক্রম, ওএসপি, পিএসসি গত ১৭ ডিসেম্বর ২০১৯ তারিখে ইন্তেকাল করেন (ইন্মালিগ্লাহি ... রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৯ বছর।

জনাব মিয়া মোহাম্মদ জয়নুল আবেদীন ১৯৬০ সালে চট্টগ্রামে জন্মগ্রহণ করেন। তিনি ১৯৭৮ সালে বাংলাদেশ সেনাবাহিনীতে যোগদান করেন এবং বাংলাদেশ মিলিটারি একাডেমিক প্রশিক্ষণ গ্রহণের পর ১৯৮০ সালে পদাতিক রেজিমেন্টে কমিশন লাভ করে কর্মজীবন শুরু করেন।

বর্ণাঢ্য চাকরিজীবনে মিয়া মোহাম্মদ জয়নুল আবেদীন পদাতিক ব্যাটালিয়নের বিভিন্ন রেজিমেন্টাল পদে দায়িত্ব পালন করেন। তিনি একটি পদাতিক বিভাগের জিএসও, রাষ্ট্রপতির নিরাপত্তাবাহিনীর উপ-পরিচালক, একটি পদাতিক ব্যাটালিয়নের অধিনায়ক, প্রধানমন্ত্রীর সহকারী সামরিক সচিব প্রভৃতি গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন। তিনি ২০০৯ সালে স্পেশাল সিকিউরিটি ফোর্স (এসএসএফ)-এর মহাপরিচালক পদে অধিষ্ঠিত হন এবং উক্ত পদে থাকাকালীন মেজর জেনারেল পদে পদোন্নতি প্রাপ্ত হন। সর্বশেষ তিনি প্রধানমন্ত্রীর সামরিক সচিব হিসাবে নিযুক্ত হন এবং মৃত্যুর পূর্ব পর্যন্ত উক্ত পদে অত্যন্ত নিষ্ঠা ও দক্ষতার সঙ্গে দায়িত্ব পালন করেন। এছাড়া তিনি কোর অব মিলিটারি পুলিশ কোরের কর্নেল কমান্ড্যান্ট পদেও নিযুক্ত ছিলেন।

মিয়া মোহাম্মদ জয়নুল আবেদীন একজন চৌকস সেনা অফিসার হিসাবে সর্বদা নিষ্ঠা ও দক্ষতার সঙ্গে দায়িত্ব পালন করে গেছেন। ১৯৯৫-৯৬ সালে পার্বত্য চট্টগ্রামে দায়িত্ব পালনকালে কাউন্টার ইমার্জেন্সি অভিযানে বীরত্বপূর্ণ ভূমিকা রাখায় তাঁকে মর্যাদাপূর্ণ ‘বীর বিক্রম’ উপাধিতে ভূষিত করা হয়। এছাড়া তিনি জাতিসংঘ শান্তিরক্ষী মিশনেও অত্যন্ত সুনামের সঙ্গে দায়িত্ব পালন করেন।

ব্যক্তিগতভাবে মেজর জেনারেল মিয়া মোহাম্মদ জয়নুল আবেদীন ছিলেন জনদরদী, অমায়িক ও বন্ধুবৎসল একজন মানুষ। তিনি বিভিন্ন সামাজিক কর্মকাণ্ডে সম্পৃক্ত ছিলেন। নিজের এলাকার শিক্ষাসহ সড়ক অবকাঠামো উন্নয়নে প্রত্যক্ষ ভূমিকা রাখেন। ঔদার্য ও পরার্থপরতার জন্য জনাব জয়নুল আবেদীন তাঁর এলাকায় অত্যন্ত জনপ্রিয় ছিলেন।

বর্ণাঢ্য কর্মজীবনে জনাব মিয়া মোহাম্মদ জয়নুল আবেদীন বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অত্যন্ত নিষ্ঠা ও দক্ষতার সঙ্গে কাজ করে গেছেন। দেশপ্রেম ও কর্তব্যপরায়ণতার জন্য তিনি চিরস্মরণীয় হয়ে থাকবেন।

মন্ত্রিসভা মেজর জেনারেল মিয়া মোহাম্মদ জয়নুল আবেদীনের অকালমৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করে তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছে।